সমকাল

তারিখ 28 MAY 2015
পৃষ্ঠা ... কলাম ...

# প্রত্যেক বিভাগে প্রকৌশল বিশ্ববিদ্যালয় চালুর দাবি

■ সমকাল প্রতিবেদক

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের বিএসসি ডিগ্রি অর্জনের সুবিধার্থে প্রত্যেক বিভাগে
একটি করে প্রকৌশল বিশ্ববিদ্যালয় চালুর দাবি করেছে পলিটেকনিক
ছাত্রছাত্রীরা। তারা শিক্ষকসংখ্যা, আবাসন, পরিবহন এবং শ্রেণীকক্ষ সংকট
নিরসনে আসন্ন বাজেটে বিশেষ বরাদ্দেরও দাবি জানায়। গতকাল বুধবার
জাতীয় প্রেস ক্লাবের সামনে আয়োজিত মানববন্ধন ও স্মারকলিপি পেশ করে
এক সমাবেশে তারা এ দাবি করে। বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটের
শিক্ষার্থীরা মাববন্ধনের আয়োজন করে।

ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্র শহীদুল হক সরকারের সভাপতিত্বে
মানববন্ধনে বক্তব্য রাখেন স্থপতি শম্পা বসু, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট কেন্দ্রীয়
কমিটির সাধারণ সম্পাদক প্রকৌশলী ইমরান হাবিব রুমন, ছাত্রফ্রন্ট ঢাকা
নগরের সভাপতি রুখসানা আফরোজ আশা, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের
ছাত্র সাইফুল আমিন, মাহফুজ আলম, অরবিন্দু ঘোষ, জাহিদুল ইসলাম প্রমুখ।
বক্তারা বলেন, বর্তমানে প্রায় ৩৫০টি পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীদের
বিএসসি ডিগ্রি অর্জনের জন্য রয়েছে একটিমাত্র প্রতিষ্ঠান ডুয়েট। শিক্ষার্থীদের
তুলনায় যার আসনসংখ্যা খুবই কম। তাই প্রত্যেক বিভাগে একটি করে
প্রকৌশল বিশ্ববিদ্যালয় চালুর বিকল্প নেই।